

২০২৪

বাংলা

(অনার্স)

(জেনেরিক ইলেকটিভ)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠ্যক্রম)

চতুর্থ সেমিস্টার

কোর্স কোড : BNGH-GE-T-2

বাংলা সাহিত্যের ইতিহাস (আধুনিক যুগ)

(গদ্যের বিকাশ থেকে সাময়িক পত্র ও ভাষাতত্ত্ব)

পূর্ণমান : ৬০

সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রণয়ন নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : $2 \times 10 = 20$

ক) উইলিয়াম কেরী ও রামরাম বসু রচিত একটি করে গদ্য গ্রন্থের নাম প্রকাশকাল সহ লেখো।

খ) 'গৌড়ীয় ব্যাকরণ' গ্রন্থটির রচয়িতা কে? গ্রন্থটি কত সালে প্রকাশিত হয়?

গ) 'বিজ্ঞানরহস্য' ও 'কমলাকান্তের দপ্তর' প্রবন্ধ গ্রন্থ দুটির রচয়িতা কে? প্রবন্ধ গ্রন্থ দুটির প্রকাশকাল লেখো।

(পরের পাতায়)

- ঘ) বাংলা কাব্যসাহিত্যে প্রথম আদর্শ সাহিত্যিক মহাকাব্য কে রচনা করেন? মহাকাব্যটির নাম ও প্রকাশকাল উল্লেখ করো।
- ঙ) কাব্যগ্রন্থগুলির রচয়িতাদের নাম লেখো:
বলাকা, কুঙ্ক ও কেকা, বনলতা সেন, দোলনচাঁপা
- চ) রবীন্দ্রনাথ ঠাকুর রচিত একটি রাজনৈতিক উপন্যাস ও একটি মনঃস্তাত্ত্বিক উপন্যাসের নাম প্রকাশকাল সহ লেখো।
- ছ) শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের একটি আত্মজীবনীমূলক উপন্যাস ও একটি রাজনৈতিক উপন্যাসের নাম প্রকাশকাল সহ লেখো।
- জ) ছোটগল্পকারদের নাম লেখো:
বেদেনী, পুঁইমাচা, প্রাগৈতিহাসিক, তারিণী মাঝি
- ঝ) বাংলা ভাষায় প্রথম প্রকাশিত দৈনিক সংবাদপত্র কোনটি? সম্পাদকের নাম প্রকাশকাল সহ লেখো।
- ঞ) সম্পাদকগণের নাম লেখো:
দিগদর্শন, সমাচার দর্পণ, বঙ্গদর্শন, সবুজপত্র।
- ট) বাংলা নাটকের ইতিহাসে প্রথম ঐতিহাসিক নাটকটির নাম লেখো। নাটকটি কে কত সালে রচনা করেন?
- ঠ) দ্বিজেন্দ্রলাল রায়ের দুটি ঐতিহাসিক নাটকের নাম প্রকাশকাল সহ লেখো।
- ড) রাঢ়ী উপভাষার দুটি ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্য উদাহরণসহ লেখো।

- ঢ) ধর্ম>ধন্ম>ধাম — এখানে কী ধরনের ধ্বনি পরিবর্তন ঘটেছে? এই ধ্বনি পরিবর্তন বাংলা ভাষার কোন কালসীমায় দেখা যায়?
- ণ) সাধু ও চলিত বাংলা ভাষার দুটি পার্থক্য উদাহরণসহ লিপিবদ্ধ করো।
- ২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : $৫ \times ৪ = ২০$
- ক) বাংলা গদ্যের বিকাশে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের অবদান আলোচনা করো।
- খ) 'ভোরের পাখি' কাকে বলা হয়? বাংলা কাব্যে তাঁর কৃতিত্ব আলোচনা করো।
- গ) বাংলা ছোটগল্পে তারাকান্ত বন্দ্যোপাধ্যায়ের কৃতিত্ব সংক্ষেপে আলোচনা করো।
- ঘ) বাংলা নাট্যসাহিত্যে রবীন্দ্রনাথের অবদান সংক্ষেপে আলোচনা করো।
- ঙ) টীকা লেখো (যে-কোনো দুটি):
অভিশ্রুতি, নাসিক্যভবন, স্বরসঙ্গতি, শ্রুতিধ্বনি
- চ) বাংলা উপভাষা কয়টি ও কী কী? বঙ্গালী উপভাষার পাঁচটি ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্য উদাহরণসহ লেখো।
- ৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $১০ \times ২ = ২০$
- ক) বাংলা কবিতার ধারায় জীবনানন্দ দাশের কবিতার বিশেষত্বগুলি লেখো।

- খ) সাহিত্য সম্রাট কাকে বলা হয়? বাংলা উপন্যাসে তাঁর কৃতিত্ব ব্যাখ্যা করো।
- গ) বাংলা পৌরাণিক নাট্যরচনায় গিরিশচন্দ্র ঘোষের অবদান আলোচনা করো।
- ঘ) কালসীমা উল্লেখ করে আধুনিক বাংলার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্য উদাহরণসহ লেখো।
-